



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
পরিকল্পনা ও উন্নয়ন শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১৭

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৭

১০ মে ২০২০

বিষয়: ২০১৯ সালে পিইসি ও জেএসসি পরীক্ষায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (নিয়মিত) শিক্ষার্থীদের ব্যাংক হিসাব (Bank Account) খোলা ও প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালে পিইসি ও জেএসসি পরীক্ষায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের বরাদ্দকৃত টাকা অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক জি-টু-পি(E.F.T)-এর আওতায় অনলাইনে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ ২০১৯ সালের পিইসি ও জেএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের একক/ অভিভাবকদের যৌথ নামে বাংলাদেশে অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন তফসীলভুক্ত বাণিজ্যিক ব্যাংকে আগামী ৩/৬/২০২০ তারিখের মধ্যে অনলাইন "স্কুল ব্যাংক হিসাব" / "ব্যাংক হিসাব" (Bank Account) খোলা এবং পরবর্তীতে উক্ত ব্যাংক হিসাব নম্বর আগামী ৫/৬ /২০২০ তারিখের মধ্যে MISE এ আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য, MISE সফটওয়্যার মাউশি অধিদপ্তরের EMIS সেল হতে যথাসময়ে আপলোড করা হবে।

তথ্য প্রেরণের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো নিশ্চিত হয়ে আপলোড করতে হবে -

- ০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত / ধারাবাহিকভাবে অধ্যয়নরত আছে কিনা ;
  - ০২। পাঠ বিরতিধারী এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ না করা ;
  - ০৩। শিক্ষার্থীদের নামীয় অনলাইন ব্যাংক হিসাব নম্বর সঠিক ভাবে পূরণ করা।
- এ বিষয়ে কোন ধরনের ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধানগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

১০-৫-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি / বেসরকারি নিম্ন মাধ্যমিক /  
মাধ্যমিক বিদ্যালয়/ স্কুল অ্যান্ড কলেজ/সমমানের সকল শিক্ষা  
প্রতিষ্ঠান

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১৭/১(১১৭)

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৭

১০ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মীরপুর-২, ঢাকা
- ৩) পরিচালক, কলেজ ও প্রশাসন / মাধ্যমিক / অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান

প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)

৫) আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)

৬) আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)

৭) নির্বাহী পরিচালক, এসপিএফএমএসপি প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ২৫ সেগুনবাগিচা, ঢাকা


৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ("জরুরি ভিত্তিতে ২০১৯ সালে পিইসি ও জেএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা ও প্রেরণ " শিরোনামে আদেশটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ড এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ)

৯) জেলা শিক্ষা অফিসার (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)

১০) উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)

১১) পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

১২) সংরক্ষণ নথি।



১০-৫-২০২০

মোঃ নুরুল ইসলাম চৌধুরী  
উপ-পরিচালক (একিউএইউ)